



অধিনায়ক এর কার্যালয়
২ আর্মড পুলিশ ব্যাটালিয়ন
বাংলাদেশ পুলিশ



প্রেস রিলিজ

অদ্য ০২/১১/২০২২খ্রিঃ তারিখ ২ আর্মড পুলিশ ব্যাটালিয়ন, মুন্সীগাছা, ময়মনসিংহের অধিনায়ক জনাব আলী আহমদ খান এর সার্বিক দিক নির্দেশনায় অপারেশন এন্ড ইন্টেলিজেন্স শাখার চৌকস অফিসার ও ফোর্সের সমন্বয়ে নিজ অধিক্ষেত্রে পরিচালিত মাদকবিরোধী বিশেষ অভিযান চলাকালে বিশ্বস্ত মাধ্যমে প্রাপ্ত গোপন সংবাদের ভিত্তিতে ময়মনসিংহ জেলার মুন্সীগাছা থানাধীন পাড়াটুঙ্গী এলাকা হতে মোঃ ইউসুফ ফরাজী, (২৫), পিতা- মোঃ তারা ফরাজী, মাতা- মোছা- হাসিনা বেগম, সাং-পাড়াটুঙ্গী, থানা-মুন্সীগাছা, জেলা- ময়মনসিংহকে ০৫ গ্রাম হেরোইনসহ আটক করা এবং মোঃ তোফাজ্জল হোসেন তপু (৩০), পিতা- আমির আলী, মাতা- মোছা-মাজেদা খাতুন, সাং-পাড়াটুঙ্গী, থানা- মুন্সীগাছা, জেলা- ময়মনসিংহকে ০১ কেজি গাঁজাসহ আটক করা হয়।

প্রাথমিক জিজ্ঞাসাবাদে অভিযুক্ত রা দীর্ঘদিন ধরে হেরোইন কেনাবেচায় জড়িত রয়েছেন মর্মে স্বীকার করেন। তাদের বিরুদ্ধে বিধি মোতাবেক ময়মনসিংহ জেলার মুন্সীগাছা থানায় আলাদা আলাদাভাবে নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

২ আর্মড পুলিশ ব্যাটালিয়ন কর্তৃক মাদকের বিরুদ্ধে পরিচালিত আভিযানিক কার্যক্রম সফল করতে মাদক সেবন ও কেনাবেচায় জড়িত ব্যক্তিদের বিষয়ে আমাদেরকে সুনির্দিষ্ট তথ্য দিন। তথ্যদাতার পরিচয় সম্পূর্ণ গোপন রাখা হবে। সবাইকে ধন্যবাদ।

